গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।
(www.ashrayanpmo.gov.bd)

আশ্রয়ণের অধিকার
শেখ হাসিনার উপহার

স্মারক নং- ০৩.০২.০০০০.৭০৩.১৪.২৫২.২০-১৫৫৫৭

তারিখঃ ২৮ অগ্রহায়ণ ১৪২৭ ব.
১৩ ডিসেম্বর ২০২০ খ্রি.

**বিষয়ঃ ২০২০-২১ অর্থ বছরে আশ্রয়ণ-২ প্রকল্পের মাটির কাজ বাস্তবায়নের জন্য গমের বরাদ্দ আদেশ।**

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় নিম্নেবর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুকূলে ৮ ও ৯ নং কলামের বর্ণনা অনুযায়ী বরাদ্দ আদেশ প্রদান করা হল।

| ক্রঃ নং | জেলা | উপজেলা | আশ্রয়ণ প্রকল্পের নাম | অনুমোদিত খাদ্যশস্যের পরিমাণ (গম) মে. টন | পূর্বে ছাড়কৃত গমের পরিমাণ (মে.টন) | ২০২০-২১ অর্থ বছরের রেইট সিডিউল অনুযায়ী সংশোধিত মোট খাদ্যশস্যের পরিমাণ (গম) মে. টন | বর্তমানে বরাদ্দকৃত খাদ্যশস্যের পরিমাণ (গম) মে. টন (চাল: গম ১:১.৩৬) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | অংকে | কথায় |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ (৮+৬) | ৮(৭-৬) | ৯ |
| ১ | কুড়িগ্রাম | চিলমারী | খেরুয়ারচর | ৪৮২.৪৮১ | ২৫০.০০০ | ৪৮২.৪৮১ | ২৩২.৪৮১ | দুইশত বত্রিশ দশমিক চার আট এক |
| ২ | কুড়িগ্রাম | চিলমারী | দক্ষিণ কড়াই বরিশাল | ৭৮৭.২৯৬ | ৪০০.০০০ | ৭৮৭.২৯৬ | ৩৮৭.২৯৬ | তিনশত সাতাশি দশমিক দুই নয় ছয় |
| ৩ | কুড়িগ্রাম | চিলমারী | মানুষমারা | ৯৭৬.৫৬৩ | ৫০০.০০০ | ৯৭৬.৫৬৩ | ৪৭৬.৫৬৩ | চারশত ছিয়াত্তর দশমিক পাঁচ ছয় তিন |
| ৪ | কুড়িগ্রাম | চিলমারী | দীঘলকান্দি | ৭৪৩.১৮৩ | ৪০০.০০০ | ৭৪৩.১৮৩ | ৩৪৩.১৮৩ | তিনশত তেয়াল্লিশ দশমিক এক আট তিন |
| ৫। | কিশোরগঞ্জ | ভৈরব | টুকচাঁদপুর | ১০৮৮.৯৬২ | ১২৫.০০০ | ১০৬৮.১৫৭ | ৫০০.০০০ | পাঁচশত দশমিক শূন্য শূন্য শূন্য |
| ৬। | বরিশাল | মেহেন্দিগঞ্জ | তালুকদারের চর | ২৮০.৪০৯ | ১৫০.০০০ | ২৭৭.৫৯৪ | ১২৭.৫৯৪ | একশত সাতাশ দশমিক পাঁচ নয় চার |
| মোট = | | | | ৪৩৫৮.৮৯৪ | ১৮২৫.০০০ | ৪৩৩৫.২৭৪ | ২০৬৭.১১৭ | দুই হাজার সাতষট্টি দশমিক এক এক সাত |

০২। প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে সংশ্লিষ্ট জেলা প্রশাসক উপজেলা পর্যায়ে বরাদ্দকৃত গমের বিপরীতে উপ-বরাদ্দাদেশ জারী করবেন। কাজ সমাপ্তির তারিখ ৩১ জানুয়ারী, ২০২১ খ্রি.।

০৩। প্রকল্পের জন্য বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা নির্ধারিত তারিখের পূর্বে মাটির কাজ সমাপ্ত করে ৭(সাত) দিনের মধ্যে সমাপ্তি প্রতিবেদন আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে। মাটির কাজের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ৭(সাত) তারিখের মধ্যে আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০৪। বর্ণিত প্রকল্পসমূহ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির আওতায় "প্রকল্প গ্রহণ, প্রণয়ন, অনুমোদন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ পরিপত্র (ডিসেম্বর'২০১৪)" অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে। তবে যে সকল প্রকল্পে সুবিধাভোগী পরিবার বসবাস করছে সেখানে প্রকল্প বাস্তবায়ন কমিটিতে সমাজকর্মী হিসেবে সংশ্লিষ্ট আশ্রয়ণ-২ প্রকল্পের সুবিধাভোগীদের দ্বারা পরিচালিত সমিতি কর্তৃক নির্বাচিত দুইজন সদস্য অর্ন্তভুক্ত করতে হবে।

০৫। উপর্যুক্ত প্রকল্প সমূহের অনুকূলে চলতি অর্থ বছরে ইতোমধ্যে অন্য কোন উৎস/সংস্থা হতে খাদ্যশস্য বরাদ্দ করা হয়ে থাকলে সে প্রকল্পের জন্য কোন খাদ্যশস্য ব্যবহার না করে বরাদ্দ আদেশ বাতিলের জন্য প্রস্তাব অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।

E: New PC:DPE-Anower -Go 2020-21

০৬। প্রকল্পের কাজ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জেলা প্রশাসকের পক্ষে তত্ত্বাবধান ও নিয়মিত পরিবীক্ষণ করবেন এবং অত্র কার্যালয়কে অবহিত করবেন।

০৭। প্রকল্পের খাদ্যশস্যের সরবরাহ আদেশ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ জারী করবেন এবং সংযুক্ত ড্রয়িং ও ডিজাইন মোতাবেক কাজ সম্পাদন নিশ্চিতকরতঃ প্রকল্পের কাজ সমাপ্তির ৭(সাত) দিনের মধ্যে সমাপ্তি প্রতিবেদন আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করবেন। যথাসময়ে সমাপ্তি প্রতিবেদন প্রেরণ ব্যর্থতা কর্তব্যে অবহেলা হিসেবে গণ্য করা হবে।

০৮। বরাদ্দপত্রের সঠিকতা যাচাই করার লক্ষ্যে প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সাথে `emboss' সীল মিলিয়ে দেখতে হবে।

০৯। প্রাক-জরিপকালীন সময়ে প্রদর্শিত উৎস হতে মাটি সংগ্রহ করতে হবে। অন্যথায় কর্মোত্তর জরিপে পূর্ব নির্ধারিত লিড ও লিফট বিবেচনা করা হবে না।

১০। যে সকল প্রকল্পে মাটির কাজ অসমাপ্ত থাকবে কর্মোত্তর জরিপে সে সকল প্রকল্পের লেভেলিং, ড্রেসিং ও টার্ফিং আইটেম বিবেচনা করা যাবে না।

১১। সংযুক্ত ড্রয়িং ও ডিজাইন মোতাবেক কাজটি সম্পাদন করতে হবে। প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প এর পূর্ব অনুমোদন ব্যতিরেকে প্রস্তাবিত প্রকল্পস্থান/ডিজাইন পরিবর্তন করা যাবে না।

১২। যে সকল প্রকল্পে বালি দ্বারা ভরাট করা হবে সে সকল প্রকল্পের চর্তুপার্শ্বে কমপক্ষে ৮ (আট) ফুট চওড়া (উপরের অংশ) করে মাটির রিং বাঁধ করতে হবে এবং বালি ভরাটের উপর কমপক্ষে ১ (এক) ফুট মাটি দ্বারা ফিলিং করতে হবে।

১৩। প্রকল্পের প্রাক-পরিমাপ ও চূড়ান্ত পরিমাপের সময় প্রকল্পের ছবি সংগ্রহ করে তা নথিতে সংরক্ষণ ও আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৪। সরকারি প্রচলিত বিধি এবং উপর্যুক্ত নির্দেশাবলীর আলোকে মাটির কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল।


মোঃ মাহবুব হোসেন
(অতিরিক্ত সচিব)
প্রকল্প পরিচালক
☎ ৪৮১১২৬১৮
মোবাইলঃ-০১৭১১৫৬৪৬৬৬
ইমেইল-(ashrayanpmo@gmail.com)


জেলা প্রশাসক
কুড়িগ্রাম/ কিশোরগঞ্জ/বরিশাল।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)ঃ

১। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা।
২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২/৯৩, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, রংপুর/ঢাকা/বরিশাল ।
৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুড়িগ্রাম/কিশোরগঞ্জ/বরিশাল।
৭। উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী, কুড়িগ্রাম/ ভৈরব, কিশোরগঞ্জ/মেহেন্দিগঞ্জ, বরিশাল।
৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চিলমারী, কুড়িগ্রাম/ ভৈরব, কিশোরগঞ্জ/মেহেন্দিগঞ্জ, বরিশাল।
৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চিলমারী, কুড়িগ্রাম/ ভৈরব, কিশোরগঞ্জ/মেহেন্দিগঞ্জ, বরিশাল।